বাগেরহাটে ষড়যন্ত্রের হাত থেকে মুক্তিযোদ্ধা পরিবারকে বাঁচাতে এলাকাবাসির মানববন্ধন

বাগেরহাটের মোল্লাহাটে ষড়যন্ত্রের হাত থেকে মুক্তিযোদ্ধা নুর আলীর পরিবারকে বাঁচাতে মানববন্ধন কর্মসূচী পালন করেছে এলাকাবাসি। বুধবার সকালে মোল্লাহাট-চিতলমারী সড়কের কামারগ্রাম এলাকায় ঘন্টাব্যাপী এই মানবন্ধন কর্মসুচী পালন করা হয়। মানববন্ধনে অন্যান্যের মধ্যে দেন, সাবেক ইউপি সদস্য ওমর মুন্সি, নাজমুল সরদার, তোফাজ্জেল হোসেন শেখ, ইমদাদ শেখ, ফিরোজ আহম্মেদ শেখ, ছাত্রলীগ নেতা টিকলু মোল্লা, ভুক্তভোগী মুক্তিযোদ্ধা মৃত নুর আলী শেখের স্ত্রী জেসমিন বেগম, ছেলে সজিব শেখ প্রমুখ।

মুক্তিযোদ্ধা মৃত নুর আলী শেখের স্ত্রী জেসমিন বেগম বলেন, ভূমিদস্যু নুর ইসলাম শেখ তার নিজের ছেলেদের নাম ১৯৮৭ সালে জমি দলিল করে দিয়ে একই জমি ২০১৯ সালে এসে তাদের কাছে বিক্রি করেছেন। বিষয়টি নিয়ে কয়েক দফায় সালিশ বৈঠক হলেও সুচতুর নুর ইসলাম কোন কিছু মানতে চান না। উল্টো তাদের নানা ভাবে হয়রানী করা হচ্ছে। তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার আশু হস্তক্ষেপ কামনা করেন।

সংশ্লিষ্ট ওয়ার্ডের দুই বার নির্বাচিত সবেক ইউপি সদস্য মোঃ ওমর

মুন্সি বলেন, নুর ইসলাম শেখ একজন কুখ্যাত ভূমিদস্যু। তিনি বিভিন্ন মানুষের জমি জালিয়াতির মাধ্যমে দখল করেন। মুক্তিযোদ্ধা মৃত নুর আলী শেখের অসহায় পরিবারটিকেও সে নানা ভাবে হয়রানি করছে। এবিষয়ে এলাকার মানুষ বিভিন্ন ভাবে শালিশ বৈঠক করলেও কোন কিছুই মানতে নারাজ নুর ইসলাম শেখ।

স্থানীয় নাজমুল সরদার টিকলু মোল্লা বলেন, ভূমিদস্যু নুর ইসলাম শেখ জালিয়াতির মাধ্যমে মরহুম মুক্তিযোদ্ধা নুর আলী শেখের পরিবারের জমি দখলের চেষ্টা করছে। এজন্য তাদের নানা ভাবে হয়রানি করছে। একাধিক বার সালিশ বৈঠক করলেও সুচতুর নুর ইসলাম শেখ অসহায় ওই মুক্তিযোদ্ধা পারিবারটিকে হয়রানী করেই চলেছে।

ভিডিও দেখুন